গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
মৎস্য-১ অধিশাখা
www.mofl.gov.bd

নং-৩৩.০০.০০০০.১২৬.১৯.০০১.১৭- ২৫১

তারিখঃ ১২ বৈশাখ ১৪২৪ / ২৫ এপ্রিল ২০১৭

প্রজ্ঞাপন

জনপ্রশাসন মন্ত্রণালয়ের ৩০ চৈত্র, ১৪২৩ বঙ্গাব্দ/১৩ এপ্রিল ২০১৭ খ্রিস্টাব্দ তারিখের নম্বর ০৫.০০.০০০০.১৪৭.৩৫.০০৬.১৬-১০৬ সংখ্যক প্রজ্ঞাপনের অনুবৃত্তিক্রমে বাংলাদেশ সরকারী কর্ম কমিশন কর্তৃক গৃহীত ৩৫তম বি.সি.এস. পরীক্ষা, ২০১৪ এর ফলাফলের ভিত্তিতে কমিশনের ০৬/০৯/২০১৬ তারিখের ৮০.২০০.০৬৪.০০.০০.০০৬.২০১৫-২১৩ নং পত্রের সুপারিশক্রমে ০১ (এক) জন উপজেলা মৎস্য কর্মকর্তাকে বাংলাদেশ সিভিল সার্ভিস (মৎস্য) ক্যাডারের প্রবেশপদে জাতীয় বেতনস্কেল, ২০১৫ অনুসারে টাকা ২২,০০০-৫৩,০৬০/- বেতনক্রমে নিম্নবর্ণিত শর্তে নিয়োগ/পদায়ন প্রদান করা হলো:

(ক) তাঁকে লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রে অথবা সরকার নির্ধারিত প্রশিক্ষণ প্রতিষ্ঠানে বুনিয়াদী প্রশিক্ষণ গ্রহণ করতে হবে;

(খ) উক্ত বুনিয়াদী প্রশিক্ষণ সমাপনান্তে তাঁকে তাঁর চাকরি সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে সরকার যেরূপ স্থির করবে সেরূপ পেশাগত ও বিশেষ ধরনের প্রশিক্ষণ গ্রহণ করতে হবে;

(গ) তাঁকে ০২ (দুই) বছর শিক্ষানবিস হিসেবে কাজ করতে হবে। শিক্ষানবিসকালে যদি তিনি চাকরিতে বহাল থাকার অনুপযোগী বলে বিবেচিত হন, তবে কোন কারণ দর্শানো ছাড়াই এবং সরকারী কর্ম কমিশনের পরামর্শ ব্যতিরেকে তাঁকে চাকরি হতে অপসারণ করা যাবে;

(ঘ) উপানুচ্ছেদ (ক) ও (খ)-এ উল্লিখিত প্রশিক্ষণ সাফল্যের সাথে সমাপন, বিভাগীয় পরীক্ষায় উত্তীর্ণ এবং শিক্ষানবিসকাল সন্তোষজনকভাবে অতিক্রান্ত হলে তাঁকে চাকরিতে স্থায়ী করা হবে;

(ঙ) উপানুচ্ছেদ (ক) এ উল্লিখিত প্রশিক্ষণ শুরু হওয়ার পূর্বে তাঁকে একজন জামানতদারসহ ৩০০/- (তিনশত) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে এ মর্মে একটি বন্ড সম্পাদন করতে হবে যে, যদি তিনি শিক্ষানবিসকালে অথবা শিক্ষানবিসকাল উত্তীর্ণ হওয়ার ০৩ (তিন) বছরের মধ্যে চাকরিতে ইস্তফা দেন, তবে প্রশিক্ষণকালে তাঁকে প্রদত্ত বেতন-ভাতা, প্রশিক্ষণ উপলক্ষে উত্তোলিত অগ্রিম/ভ্রমণভাতা/অন্যান্য ভাতাদি ও তাঁর প্রশিক্ষণের জন্য ব্যয়িত সমুদয় অর্থ ফেরৎ দিতে তিনি বাধ্য থাকবেন। প্রশিক্ষণের জন্য কর্মস্থল হতে অব্যাহতি প্রদানকারী কর্তৃপক্ষের নিকট এ বন্ড দাখিল করে তাঁকে প্রশিক্ষণে যেতে হবে;

(চ) তাঁর ইস্তফা সরকার কর্তৃক গৃহীত হওয়ার পূর্বে যদি তিনি তাঁর কর্তব্য-কাজে অনুপস্থিত থাকেন, তবে উপানুচ্ছেদ (ঙ) অনুযায়ী তাঁর নিকট সরকারের প্রাপ্য সমুদয় অর্থ পাবলিক ডিমান্ড রিকভারি এ্যাক্ট, ১৯১৩ এর বিধান অনুসারে আদায় করা হবে এবং সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ অনুযায়ী তাঁর বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে;

(ছ) ৩৫তম বি.সি.এস. পরীক্ষার ফলাফলের ভিত্তিতে প্রচলিত সরকারি বিধি-বিধান অনুযায়ী তাঁর জ্যেষ্ঠতা নির্ধারিত হবে;

(জ) যদি তিনি কোন বিদেশী নাগরিককে বিবাহ করে থাকেন অথবা বিবাহ করার জন্য অঙ্গীকারাবদ্ধ হয়ে থাকেন তবে এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে;

(ঝ) চাকরিতে যোগদানকালে তাঁকে যোগদানপত্রের সাথে ৩০০/- (তিনশত) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে এ মর্মে একটি বন্ড সম্পাদন করতে হবে যে, তিনি নিজের বা পরিবারের অন্যান্য সদস্যদের জন্য কোন যৌতুক নিবেন না এবং কোন যৌতুক দিবেন না;

(ঞ) এ প্রজ্ঞাপনে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি, এরূপ ক্ষেত্রে তাঁর চাকরি সংক্রান্ত বিষয়ে সরকারের প্রচলিত বিধি বিধান ও আদেশ প্রযোজ্য হবে এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি-বিধান ও আদেশ অনুসারে তাঁর চাকরি নিয়ন্ত্রিত হবে;

চলমান পাতা-২

(ট) The Government Servants (Conduct) Rules, 1979 এর ১৩(১) উপবিধি অনুযায়ী সকল স্থাবর-অস্থাবর সম্পত্তির বিবরণ সম্বলিত একটি ঘোষণাপত্র প্রার্থীকে চাকরিতে যোগদানের সময় সংশ্লিষ্ট ক্যাডার নিয়ন্ত্রণকারী মন্ত্রণালয়ে জমা দিতে হবে;

(ঠ) এ চাকরিতে যোগদানের জন্য তিনি কোন ভ্রমণ ভাতা/দৈনিক ভাতা পাবেন না;

(ড) মুক্তিযোদ্ধা কোটায় নিয়োগপ্রাপ্তদের মুক্তিযোদ্ধার সনদ পরবর্তীতে যাচাই-বাছাইকালে মিথ্যা বা জাল প্রমাণিত হলে তাৎক্ষণিকভাবে তাঁর নিয়োগ বাতিল হবে এবং তাঁর বিরুদ্ধে ফৌজদারী মামলা দায়ের করা হবে।

০২। অনুচ্ছেদ-১- এ উল্লিখিত শর্তাবলী তাঁর নিকট গ্রহণযোগ্য বিবেচিত হলে আগামী ১৯ বৈশাখ, ১৪২৪ বঙ্গাব্দ/০২ মে, ২০১৭ খ্রিস্টাব্দ সকাল ১০.০০ ঘটিকায় আবশ্যিকভাবে মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকায় যোগদানকরতঃ একইদিন সকাল ১১.০০ ঘটিকায় মৎস্য অধিদপ্তরের সম্মেলন কক্ষে অবহিতকরন কোর্সে (২-৪ মে, ২০১৭) অংশগ্রহণ করার জন্য অনুরোধ করা হলো। ২-৪ মে, ২০১৭ পর্যন্ত যোগদানকৃত কর্মকর্তাগণ অবহিতকরন কোর্স সমাপনান্তে ০৪ মে, ২০১৭ তারিখ অপরাহ্নে মৎস্য অধিদপ্তর হতে অবমুক্ত সনদসহ নিম্নবর্ণিত ছকে তাঁর নামের পার্শ্বে পদায়নকৃত কর্মস্থলে যোগদানের জন্য তাঁকে অনুরোধ করা হলো। নির্ধারিত তারিখে চাকরিতে যোগদান না করলে তিনি চাকরিতে যোগদান করতে সম্মত নন বলে ধরে নেয়া হবে এবং এ নিয়োগপত্রে তাঁর জন্য প্রযোজ্য অংশটুকু বাতিল বলে গণ্য হবে।

০৩। ক্যাডারের নামঃ বাংলাদেশ সিভিল সার্ভিস (মৎস্য)
পদের নামঃ উপজেলা মৎস্য কর্মকর্তা

| ক্রমিক নং | মেধাক্রম | রেজিস্ট্রেশন নম্বর | নাম | নিজ জেলা | পদ ও কর্মস্থল |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ০১ | ২৩ | ৭০৯২৮৪ | দীন মোঃ আসাদুল্লাহ | লালমনিরহাট | উপজেলা মৎস্য কর্মকর্তা লালপুর, নাটোর। |

০৪। জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

(মোঃ হামিদুর রহমান)
উপসচিব
টেলিঃ ৯৫৭৭২৬২

নং-৩৩.০০.০০০০.১২৬.১৯.০০১.১৭- ২৫২

তারিখঃ ১২ বৈশাখ ১৪২৪ / ২৫ এপ্রিল ২০১৭

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ,বাংলাদেশ সচিবালয়, ঢাকা/মুখ্যসচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
২. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. সচিব, জনবিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, ঢাকা/সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকা/রেক্টর, বাংলাদেশ লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, সাভার, ঢাকা/কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল, বাংলাদেশ।
৪. মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা। নিম্নলিখিত কার্যক্রম গ্রহণ করবেনঃ-
   - ক. যোগদানকৃত কর্মকর্তাগণের ২-৪ মে, ২০১৭ তারিখ পযন্ত অবহিতকরণ কোর্সের আয়োজন করবেন।
   - খ. যোগদানের পর কর্মকর্তাগণের নিকট থেকে ও এস আর ফরম-১ ও এস আর ফরম-৩ যোগদানপত্রের অনুলিপি সংগ্রহ করে এ মন্ত্রণালয়ে প্রেরণের ব্যবস্থা করবেন।
   - গ. শিক্ষানবিসকালের মধ্যে নব নিয়োগকৃত কর্মকর্তাগণ যাতে বুনিয়াদী প্রশিক্ষণসহ বিভাগীয় পরীক্ষায় উত্তীর্ণ হয়ে চাকরিতে স্থায়ী হতে পারেন, সে ব্যাপারে ব্যবস্থা গ্রহণ করবেন।
   - ঘ. যে সকল কর্মকর্তাগণ নির্ধারিত তারিখে যোগদানে ব্যর্থ হবেন তাঁদের নামের তালিকা যোগদানের জন্য নির্ধারিত তারিখের ০৭ (সাত) দিনের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করবেন।

চলমান পাতা-৩

৫. মন্ত্রীর একান্ত সচিব (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. প্রতিমন্ত্রীর একান্ত সচিব (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭. সচিবের একান্ত সচিব (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮. উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (তাঁকে পরবর্তী গেজেটে প্রজ্ঞাপনটি প্রকাশের অনুরোধসহ)।
৯. উপপরিচালক, মৎস্য অধিদপ্তর, ঢাকা/ চট্টগ্রাম/ রাজশাহী/খুলনা/বরিশাল/ সিলেট/রংপুর বিভাগ।
১০. বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, ঢাকা/ চট্টগ্রাম/ রাজশাহী/খুলনা/বরিশাল/ সিলেট/রংপুর/ময়মনসিংহ বিভাগ।
১১. আইসিটি ফোকাল পয়েন্ট, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, ঢাকা ( মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
১২. জেলা মৎস্য কর্মকর্তা,.......................................................................।

যোগদানকৃত কর্মকর্তার নিকট থেকে ও.এস.আর ফরম-১ এবং ও.এস. আর ফরম-৩, যোগদানপত্র, যৌতুক গ্রহণ ও প্রদান করবেন না মর্মে বন্ড, এবং ১৯৭৯ সালের সরকারী কর্মচারী (আচরণ) বিধিমালার বিধি-১৩ মতে সম্পত্তির ঘোষণাপত্র মহাপরিচালক, মৎস্য অধিদপ্তরের মাধ্যমে এ মন্ত্রণালয়ে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

১৩. উপজেলা চেয়ারম্যান.......................................................................।
১৪. উপজেলা নির্বাহী কর্মকর্তা...................................................................।
১৫. প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, এজিবি ভবন, সেগুন বাগিচা, ঢাকা।
১৬. জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা ....................................................................।
১৭. উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা ...............................................................।
১৮. উপজেলা মৎস্য কর্মকর্তা.......................................................................।
১৯. অতিঃসচিব (মৎস্য) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২০. জনাব ..........................................................................................................।
২১. অফিস কপি ..................................................................................................।